



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শামসুর রহমান কলেজ
গোসাইরহাট, শরীয়তপুর।
www.gsrc.edu.bd
Email: srcollege.ghat@gmail.com



তারিখ : ২১ জানুয়ারি ২০২৪ খ্রি.


বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজ্ঞপ্তি

সরকারি শামসুর রহমান কলেজের সকল স্তরের ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মচারী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলেজের বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৪ অনুষ্ঠানের উদ্যোগ ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে।

সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার ইভেন্টসমূহ এতদসঙ্গে সংযুক্ত করা হলো। সংযুক্ত ইভেন্ট অনুযায়ী সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীগণকে আগামী ২৫/০১/২০২৪ তারিখের মধ্যে নিজের নাম, শ্রেণি, বিভাগ, রোল নম্বরসহ নির্দিষ্ট ইভেন্ট উল্লেখ পূর্বক তালিকা কলেজের বাংলা বিভাগের প্রভাষক জনাব বনানী ভক্ত, মোবাইল নম্বর-০১৭১৮৭২১২১০ এর নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

উল্লেখ্য একজন প্রতিযোগি সর্বোচ্চ ০৩ (তিন) টি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে।

প্রতিস্বাক্ষর



মোঃ ফজলুল হক

বিসিএস (সাধারণ শিক্ষা)


আইডি নং-১৯০২

অধ্যক্ষ

সরকারি শামসুর রহমান কলেজ

গোসাইরহাট, শরীয়তপুর।

মোবাইল : ০১৩০৯১১৩৫৭৫



সোহেল খান

আহ্বায়ক

সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান কমিটি

সরকারি শামসুর রহমান কলেজ

গোসাইরহাট, শরীয়তপুর।

সরকারি শামসুর রহমান কলেজ

গোসাইরহাট, শরীয়তপুর।

বার্ষিক সাহিত্য সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৪


তারিখ : ২১/০১/২০২৪

সাহিত্য সাংস্কৃতিক প্রতিযোগিতার ইভেন্টসমূহ

ইভেন্টসমূহ :

ক. গ্রুপ (একাদশ+দ্বাদশ)		খ. গ্রুপ (ডিগ্রি, অনার্স, মাস্টার্স)	
০১	ক্বিরাত	০১	ইংরেজি বক্তব্য (নির্ধারিত)
০২	হামদ/নাত	০২	বাংলা রচনা
০৩	বাংলা কবিতা আবৃত্তি (আরেক স্বপ্ন-ফজলুল হক)	০৩	বাংলা কবিতা আবৃত্তি (আরেক স্বপ্ন-ফজলুল হক)
০৪	বিতর্ক প্রতিযোগিতা		
০৫	(দেশাত্ত্ববোধক গান	০৪	দেশাত্ত্ববোধক গান
০৬	আধুনিক গান	০৫	আধুনিক গান
০৭	রবীন্দ্র সংগীত	০৬	রবীন্দ্র সংগীত
০৮	নজরুল সংগীত	০৭	নজরুল সংগীত
০৯	লোক সংগীত (ভাটিয়ালী, পল্লীগীতি ও লালনগীতি)	০৮	লোক সংগীত (ভাটিয়ালী, পল্লীগীতি ও লালনগীতি)
১০	নির্ধারিত বক্তৃতা (জাতীর পিতা বন্ধবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ)	০৯	নির্ধারিত বক্তৃতা (জাতীর পিতা বন্ধবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ)
১১	একক নৃত্য	১০	একক নৃত্য
১২	দলীয় নৃত্য	১১	দলীয় নৃত্য
১৩	তাত্ক্ষনিক অভিনয় (কৌতুক)	১২	তাত্ক্ষনিক অভিনয় (কৌতুক)

বি. দ্র. ০১ (এক) জন প্রতিযোগি ০৩ (তিন) টির বেশি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে না।


21.01.2024

সোহেল খান

আহ্বায়ক

সাহিত্য সাংস্কৃতিক কমিটি
সরকারি শামসুর রহমান কলেজ
গোসাইরহাট, শরীয়তপুর।

আরেক স্বপ্ন

-----ফজলুল হক

যদি ফিরে আসে স্নিগ্ধ প্রভাত, মুছে যায় যদি প্রগাঢ় অন্ধকার,
যদি কেটে যায় আঁধারের বেলা, যদি ফিরে আসে আলোক সম্ভার।
যদি ফিরে আসে সৌম্য বাতাস, ফিরে যায় যদি বৈশ্বিক হাহাকার,
যদি চলে যায় অবরুদ্ধ কাল, কোলাহল বেলা ফিরে যদি আরবার,
তবে এসো তুমি কীর্তিনাশার পাড়ে,
শ্যামল সোহাগে পরীকুঞ্জের ধারে।

যদি সেরে যায় পৃথিবীর রোগ, সভ্যতা যদি জেগে উঠে পুনরায়,
পুষ্পিত বনে যদি সাড়া পড়ে, নীপ শাখে যদি কুহু-কেকা গান গায়।
যদি জাগে নদী আগেরই মতোন, কলকল সুরে শ্রোতটুকু বয়ে যায়,
যদি জীবানুরা শূন্যে মিলায়, যদি নতুনের সুর ওঠে বেহালায়।
তবে তুমি এসো, চির নন্দন সাজে,
পূর্ণতা দিও গভীর শূন্যতা মাঝে।

যদি বেজে ওঠে থেমে যাওয়া বাঁশি, থামে যদি কান্নার রোল
যদি প্রাণ পায় মরে যাওয়া নদী, ভাসে যদি কীর্তিনাশার কোল।
যদি ধ্বনি ওঠে জীবন জয়ের, যদি চলে যায় ভয়াল দুঃসময়,
যদি ফোটে ফুল আগের মতোন, যদি মুছে যায় সব সংশয়।
তবে তুমি এসো সিঁদুর সন্ধ্যা বেলা,
করোনার শেষে জমুক প্রণয় মেলা।

কেটে যাবে শোক, শঙ্কা, যাতনা সব
হাসবে আকাশ, গুনো কান পেতে আসন্ন কলরব।